গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ৯ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

## সারা দেশের সকল কর অঞ্চলে ই-রিটার্ন হেল্প-ডেস্ক চালু করেছে জাতীয় রাজস্ব বোর্ড

গত ৪ আগস্ট ২০২৫ তারিখে অর্থ উপদেষ্টা ড: সালেহউদ্দিন আহমেদ ২০২৫-২৬ কর বছরের জন্য অনলাইনে ই-রিটার্ণ দাখিল কার্যক্রম শুভ উদ্বোধন করেন। করদাতাগণ www.etaxnbr.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে সহজে অনলাইনে রিটার্ন পূরণ করে নিমিষেই অনলাইনে দাখিল করতে পারছেন। এ পর্যন্ত প্রায় ২৯ লাখ ২০ হাজার করদাতা ই-রিটার্ন সিস্টেমে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন এবং ৬ লাখ ৩৫ হাজার জন করদাতা অনলাইনে ২০২৫-২০২৬ কর বছরের আয়কর রিটার্ন দাখিল করেছেন।

ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে কোন করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিলে সমর্থ না হলে ৩১ অক্টোবর, ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট সুনির্দিষ্ট যৌক্তিকতাসহ আবেদন করলে সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে তিনি পেপার রিটার্ন দাখিল করতে পারবেন।

সকল সম্মানিত করদাতাগণের জন্য ই-রিটার্ন দাখিল প্রক্রিয়া সহজ বোধ্য করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড গত বছরের ন্যায় এ বছরেও অনলাইন প্রশিক্ষণের আয়োজন করেছে। নিম্নোক্ত লিংকে লগ-ইন করে যেকোন আগ্রহী করদাতা এবং কর আইনজীবীগণ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য তাঁদের আগ্রহ ব্যক্ত করতে পারবেন।

রেজিস্ট্রেশন লিংক: https://nbr.gov.bd/form/e-return-training/eng

ই-রিটার্ন প্রশিক্ষণের তারিখ এবং সময় সকল আগ্রহী করদাতা এবং কর আইনজীবীগণকে তাঁদের স্ব-স্ব ইমেইলে জানিয়ে দেয়া হবে। এ পর্যন্ত প্রায় ১৫ হাজার করদাতা প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

e-Return সংক্রান্ত যেকোন সমস্যায় করদাতাদের সহায়তা প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড একটি কল সেন্টার স্থাপন করেছে। উক্ত কল সেন্টারের ০৯৬৪৩ ৭১ ৭১ ৭১ নম্বরে ফোন করে করদাতাগণ e-Return সংক্রান্ত প্রশ্নের তাৎক্ষণিক টেলিফোনিক সমাধান পাচ্ছেন। এছাড়া www.etaxnbr.gov.bd এর eTax Service অপশন হতে করদাতাগণ e-Return সংক্রান্ত যেকোন সমস্যা লিখিতভাবে জানালে তার সমাধান পাচ্ছেন।

এছাড়া, সারা দেশের সকল কর অঞ্চলে ই-রিটার্ন বিষয়ক সেবা প্রদান করার লক্ষ্যে ই-রিটার্ন হেল্প-ডেস্ক স্থাপন করা হয়েছে। সম্মানিত করদাতাগণ নিজ নিজ কর অঞ্চলে স্ব-শরীরে উপস্থিত হয়ে অথবা নিম্নোক্ত ফোন নাম্বারে যোগাযোগ করে ই-রিটার্ন বিষয়ক সেবা পেতে পারেন:

| Tax Zone | Website | Phone |
|---|---|---|
| Taxes Zone-01, Dhaka | https://taxeszone1.dhaka.gov.bd | 01617337497 |

| | | |
|---|---|---|
| | | Telephone no.<br>028333855 |
| Taxes Zone-02, Dhaka | https://taxeszone2.gov.bd | 01712562414 |
| | | 01670569115 |
| Taxes Zone-03, Dhaka | https://taxeszone3dhaka.gov.bd | 01777171870 |
| Taxes Zone-04, Dhaka | https://taxeszone4dhaka.gov.bd | 01335149145 |
| | | 01335149146 |
| Taxes Zone-05, Dhaka | https://taxeszone5dhaka.gov.bd | 01345583085 |
| Taxes Zone-06, Dhaka | https://taxeszone6.gov.bd | 01813838388 |
| | | 01674081859 |
| Taxes Zone-07, Dhaka | https://taxeszone7.dhaka.gov.bd | 01959185266 |
| Taxes Zone-08, Dhaka | https://taxeszone8dhaka.gov.bd | 01717757247 |
| | | 01712538492 |
| Taxes Zone-09, Dhaka | https://taxeszone9dhaka.gov.bd | Telephone:<br>02-48963776<br>02-55091979<br>02-48954811 |
| Taxes Zone-10, Dhaka | https://taxeszone10.dhaka.gov.bd | 01777673330<br>02-41031803 |
| Taxes Zone-11, Dhaka | http://taxeszone11dhaka.gov.bd | 01913947616 |
| Taxes Zone-12, Dhaka | https://taxeszone12dhaka.gov.bd | 01681484915 |
| Taxes Zone-13, Dhaka | https://taxeszone13dhaka.gov.bd | 01913711714 |
| Taxes Zone-14, Dhaka | https://taxeszone14.dhaka.gov.bd | Telephone:<br>0241052271 |
| Taxes Zone-15, Dhaka | https://taxeszone15.dhaka.gov.bd | 01828183816 |
| Taxes Zone-16, Dhaka | https://taxeszone16dhaka.gov.bd | 01712484712 |
| Taxes Zone-17, Dhaka | https://taxeszone17.gov.bd | 01521107045 |
| | | 01722219650 |
| Taxes Zone-18, Dhaka | https://taxeszone18dhaka.gov.bd | 01550706403 |
| Taxes Zone-19, Dhaka | http://taxeszone19.dhaka.gov.bd | 01713527577<br>Telephone:<br>0226640260<br>0226640261 |
| Taxes Zone-20, Dhaka | https://taxeszone20dhaka.gov.bd | 01714-511395 |
| Taxes Zone-21, Dhaka | https://taxzone21dhaka.gov.bd | 01948880790 |
| | | 01928960487 |
| Taxes Zone-22, Dhaka | https://taxeSZone22dhaka.gov.bd | 01550723069 |
| | | 01550723079 |
| | | 01550723089 |
| | | 01550723099 |

| | | |
|---|---|---|
| Taxes Zone-23, Dhaka | https://taxeszone23dhaka.gov.bd | 01746688506 |
| Taxes Zone-24, Dhaka | https://taxeszone24dhaka.gov.bd | 01571728756 |
| | | 01770846818 |
| Taxes Zone-25, Dhaka | https://taxeszone25dhaka.gov.bd | 01726442780 |
| Taxes zone 1-chittagong | https://taxctg.com | 01534214748 |
| Taxes zone 2-chittagong | https://tax2.chittagongdiv.gov.bd | 01727658275 |
| | | 01670569115 |
| Taxes zone 3-chittagong | https://taxeszone3ctg.gov.bd | 01729069944 |
| Taxes zone 4-chittagong | https://taxeszone4ctg.gov.bd | 01559061932 |
| Taxes zone 5-chittagong | https://taxeszone5.chittagong.gov.bd | 01719-315243 |
| | | 01757990099 |
| Taxes zone 6-chittagong | https://tax6.chattogram.gov.bd | 01554313915 |
| Taxes Zone-Cox'sbazar | - | 01840002444 |
| Taxes Zone-Mymensingh | https://taxzonemymensingh.gov.bd | 01723397579 |
| Taxes Zone-Narayanganj | https://taxeszone-narayanganj.gov.bd | 01716019176 |
| Taxes Zone- Gazipur | https://taxeszonegazipur.gov.bd | 02-224424020 |
| Taxes Zone- Rangpur | https://tzr.gov.bd | 01839341368 |
| | | 01716297336 |
| Taxes Zone- Noakhali | https://tax.noakhali.gov.bd | 01842183216 |
| Taxes Zone- Faridpur | https://taxeszonefaridpur.gov.bd | 01717666129 |
| Taxes Zone- Khulna | https://taxeszone-khulna.com | 01857394735 |
| Taxes Zone- Jashore | https://taxeszonejashore.gov.bd | 01725436005 |
| Taxes Zone- Dinajpur | - | 01717800499 |
| Taxes Zone- Rajshahi | https://tax.rajshahi.gov.bd | 01777369645 |
| Taxes Zone- Barisal | https://tax.barisal.gov.bd | 01897802201 |
| Taxes Zone- Bogura | https://tax.bogra.gov.bd | 01738099193 |
| | | 01717891403 |
| Taxes Zone- Narsingdi | https://taxeszonenarsingdi.gov.bd | 01918795463 |
| Taxes Zone- Cumilla | https://tax.comilla.gov.bd | 01637437330 |
| Taxes Zone- Sylhet | https://taxeszonesylhet.gov.bd | 01550 699 799 |
| | | 01550 699 798 |
| Taxes Zone- Kushtia | - | 01735826250 |
| Large Taxpayer's Unit | https://ltu.gov.bd | 01338-886535 |

করদাতাগণ ব্যাংক ট্রান্সফার, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, বিকাশ, রকেট, নগদ অথবা অন্য কোনো মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিস অ্যাপ ব্যবহার করে ঘরে বসেই কর পরিশোধ করে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করে তাৎক্ষণিকভাবে নিজেই স্বয়ংক্রিয়ভাবে ই-রিটার্ণ দাখিলের acknowledgement slip প্রিন্ট নিতে পারেন এবং প্রয়োজনীয় তথ্য উল্লেখপূর্বক স্বয়ংক্রিয়ভাবে আয়কর সনদ প্রিন্ট করতে পারেন।

অনলাইনে আয়কর রিটার্ন দেয়ার সময় সংশ্লিষ্ট করদাতার জন্য প্রযোজ্য সকল তথ্য-উপাত্ত সঠিকভাবে পূরণ করতে হয়, তবে কোন কাগজপত্র বা দলিলাদি আপলোড করতে হয়না। যে সকল তথ্য-উপাত্তের ভিত্তিতে অনলাইন রিটার্ন পূরণ করা হয়েছে সেসকল কাগজপত্র বা দলিলাদি করদাতা নিজ দায়িত্বে সংরক্ষণ করতে পারেন।

সকল সম্মানিত ব্যক্তি করদাতাগণকে যথা সময়ে www.etaxnbr.gov.bd পোর্টালে তাঁদের প্রকৃত আয়, ব্যয়, সম্পদ ও দায় সংক্রান্ত সকল তথ্য যথাযথভাবে পূরণ করত: অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করে নাগরিক দায়িত্ব পালন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড বিনীত অনুরোধ করছে।

- জাতীয় রাজস্ব বোর্ড